দৈনিক বাংলা

২৭

তারিখ ..21 FEB 1990
পৃষ্ঠা... ৭ ... কলাম ৭ ...

৭০

# বিদ্যালয়টি ২১ বছরেও মঞ্জুরী পায়নি

(নিজস্ব সংবাদদাতা)

সোনাতলা (বগুড়া), ১৮ই ফেব্রুয়ারী।–বগুড়া জেলার সোনাতলা উপ-জেলার দক্ষিণ আটকড়িয়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি বিগত ২১ বছরেও মনজুরী পায়নি। বিদ্যালয়টির ভবিষ্যৎ এখন অনিশ্চিত হয়ে পড়েছে।

১৯৬৯ সালে এলাকার জনসাধারণের প্রচেষ্টা বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।

বিগত ২১ বছর থেকে স্থানীয় জনসাধারণ বিদ্যালয়টি চালিয়ে আনছে। বর্তমানে বিদ্যালয়টিতে ৪ জন শিক্ষক ২৫৫ জন ছাত্র-ছাত্রী রয়েছে। বিগত ২১ বছরে বহু আবেদন নিবেদন সত্ত্বেও বিদ্যালয়টি মনজুরী পয়নি।

এলাকার জন সাধারণের পক্ষে আর বিদ্যালয়টি পরিচালনা করা সম্ভব হচ্ছে না। ফলে–এর ভবিষ্যৎ অনিশ্চিত হয়েপড়েছে।

উল্লেখ্য, সোনাতলা উপজেলার সব কটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে একাধিক বিদ্যালয় রয়েছে। কিন্তু বলুয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডে উক্ত বিদ্যালয় ছাড়া অপর কোন প্রাথমিক বিদ্যালয় নেই।